

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-২০২-আইন/২০২৩/২৩৫-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৩৬-আইন/২০২৩/২১৩-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 27.09 ও 27.10 এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;
- (খ) টেবিল-৪ (সেবা পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৩৭ এর কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৩৭.০০ এর বিপরীতে কলাম (৩) এর দফা (ঞ) এর পর নিম্নরূপ নূতন দফা (ট) সংযোজিত হইবে, যথা:—

“(ট) অ্যালুমিনিয়াম তৈজসপত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থানীয়ভাবে সংগৃহীত অ্যালুমিনিয়াম ওয়েস্ট এন্ড স্ক্রাপ”।

২। এই প্রজ্ঞাপন ২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

(৭৯৯৯)

মূল্য : টাকা ৪.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-২০৩-আইন/২০২৩/২৩৬-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ক্রমিক নং (৪৫) ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-২০৪-আইন/২০২৩/২৩৭-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule-ভুক্ত শিরনামা সংখ্যা 96.08 এর বিপরীতে উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড 9608.10.00 এর আওতায় বল পয়েন্ট পেন এর স্থানীয় উৎপাদন পর্যায়ে উহার উপর আরোপনীয় ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব।